



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2021

গভর্নর ক্যাথি হোকল

**ব্যক্তিগত তথ্যের প্রতারণামূলক ব্যবহার থেকে প্রবীণদের রক্ষার জন্য গভর্নর
হোকলের আইন স্বাক্ষর**

**আইনটি (S.1560/A.1994) প্রবীণ ব্যক্তিদের সহায়তা পরিষেবা ও কর্মসূচির জন্য প্রবীণ
নির্যাতনের সংজ্ঞার মধ্যে পরিচয় চুরির বিষয়টিকে অন্তর্ভুক্ত করেছে**

গভর্নর ক্যাথি হোকল আজ অলাভজনক সংস্থা এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলোর মাধ্যমে পরিচয় চুরির বিষয়টি মোকাবেলায় সহায়তা পরিষেবাগুলোকে অনুমোদন প্রদানের মাধ্যমে ব্যক্তিগত তথ্যের প্রতারণামূলক ব্যবহার থেকে প্রবীণদের সুরক্ষিত রাখতে আইন (S.1560/A.1994) স্বাক্ষর করেছেন। এই আইন প্রবীণ বিষয়ক দপ্তর (Office of the Aging) এবং আইন প্রয়োগকারী সংস্থাকে পরিচয় চুরিকে প্রবীণ নির্যাতনের বহু ধরনের মধ্যে একটি হিসেবে গণ্য করা এবং প্রবীণদের সাহায্য করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুমতি দেয়।

"প্রবীণ নিউ ইয়র্কবাসীদের প্রায় ক্ষেত্রেই পরিচয় চুরির শিকার হওয়ার বিষয়টি অবিবেকপ্রসূত," **বলেছেন গভর্নর হোকলা** "আমাদেরকে আমাদের বয়স্ক জনগোষ্ঠীর জন্য সুরক্ষা জোরদার করতে হবে, এবং এই আইনটি প্রবীণ নির্যাতনের ক্ষতিকর উপায়গুলো থেকে তাদেরকে নিরাপদ রাখার একটি সহজ, সাধারণ বিবেচনার উপায়। প্রবীণ নিউ ইয়র্কবাসীরা একসময় আমাদের পাশে দাঁড়িয়েছিলেন, এবং দেশের প্রথম প্রবীণ-বান্ধব স্টেট হিসেবে আমি গর্বিত যে নিউ ইয়র্ক তাদের পাশে দাঁড়ানোর ক্ষেত্রে নেতৃত্ব দেয়া অব্যাহত রেখেছে।"

এই নতুন আইনটি প্রবীণ আইনে "প্রবীণ নির্যাতন ও শোষণ" এর একটি নতুন সংজ্ঞা যোগ করেছে এবং স্বাভাবিকভাবে অবসর গ্রহণকারী কমিউনিটি (naturally occurring retirement communities, NORC) কর্মসূচির মাধ্যমে উপযুক্ত সহায়তা পরিষেবাগুলোর মধ্যে পরিচয় চুরির বিষয়টিকে অন্তর্ভুক্ত করেছে। এছাড়াও এই আইন এধরনের ঘটনার সম্মুখীন হলে পুলিশ কর্মকর্তাদের ব্যবহারের জন্য প্রবীণ বিষয়ক দপ্তর ও আইন প্রয়োগকারী সংস্থার শিক্ষাগত উপকরণের মধ্যে পরিচয় চুরিকে প্রবীণ নির্যাতনের একটি ধরন হিসেবে আলোচনা করার জন্য নির্বাহী আইনের সেকশন 214-c সংশোধন করেছে।

কোনো ব্যক্তির ব্যক্তিগত শনাক্তকারী তথ্য যেমন সোশ্যাল সিকিউরিটি নম্বর, ড্রাইভিং লাইসেন্সের তথ্য, অথবা ব্যাংক ও ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট, ইত্যাদির বেআইনি ব্যবহার ভয়ঙ্কর পরিণতির দিকে নিয়ে যেতে পারে যা কয়েক বছর ধরে স্থায়ী হতে পারে। সবচেয়ে খারাপ

অবস্থায় এটি প্রবীণ ভুক্তভোগীকে দেউলিয়া করে দিতে পারে এবং তাদেরকে অবসরকালীন সময়ে নিঃস্ব করে দিতে পারে।

যদিও প্রবীণ ব্যক্তির পরিচয় চুরির একচেটিয়া টার্গেট নয়, কিন্তু তারা বিশেষভাবে এটির ভুক্তভোগী হওয়ার সম্ভাবনা থাকে কারণ তাদের প্রায় ক্ষেত্রেই তাদের কেয়ারগিভার, মেডিকেল সেবা প্রদানকারীর অফিস, সরকারি সংস্থাগুলোর সাথে, এবং ইন্টারনেট ব্যবহার করে তাদের ব্যক্তিগত তথ্য শেয়ার করার প্রয়োজন হয়ে থাকে। কর্মসংস্থানের মাধ্যমে চুরি হওয়া অর্থ পুনরুদ্ধার করার সামর্থ্য নেই এমন প্রবীণ ব্যক্তিদের জন্য পরিচয় চুরির প্রভাব বিধ্বংসী হতে পারে। এই আইন, প্রবীণদের সহায়তা পরিষেবার গ্রুপগুলো, এবং আইন প্রয়োগকারী সংস্থার টিমগুলো আমাদের জনসংখ্যার সবচেয়ে দ্রুত বৃদ্ধি পাওয়া অংশ, আমাদের প্রবীণদেরকে বিভিন্ন ধরনের পরিচয় চুরি থেকে সুরক্ষিত থাকতে সাহায্য করার জন্য লভ্য সংস্থানগুলো ব্যবহার করতে সক্ষম হবে।

স্টেট সিনেটর র্যাচেল মে বলেন, "দিন দিন প্রতারকরা আরো বেশি অভিনব ও আগ্রাসী উপায় অবলম্বন করতে থাকায়, প্রত্যেক বছর প্রবীণ নিউ ইয়র্কবাসীরা পরিচয় চুরির ভুক্তভোগী হচ্ছেন। আমাদের আইনগুলোতে এই সাধারণ পরিবর্তনটি এই ভয়ঙ্কর অপরাধের সাথে লড়াই করা লোকদের জন্য স্টেটের সংস্থানগুলো উন্মুক্ত করে দেবে। নির্যাতনের বিরুদ্ধে প্রবীণদের আরো বেশি সুরক্ষা লাভ নিশ্চিত করতে আজ এই বিলটি স্বাক্ষর করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "যুক্তরাষ্ট্রে প্রতিদিন 10,000 জনেরও বেশি লোক 65 বছর বয়সে উপনীত হওয়ার এবং দুই মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী বর্তমানে এই বয়সে ও তার বেশি বয়সী হওয়ার এই সময়ে, স্টেটের আইনসভা পরিচয় চুরির অপরাধটিকে আমাদের প্রবীণ নাগরিকদের সুরক্ষিত রাখার আইনে অন্তর্ভুক্ত করার মাধ্যমে পরিচয় চুরির বিরুদ্ধে সর্বোচ্চ সুরক্ষা প্রদান করতে পদক্ষেপ নিয়েছে। ফেডারেল ট্রেড কমিশনের (Federal Trade Commission) 2019 সালের ডাটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেট পরিচয় চুরির কেস সংখ্যার দিক থেকে দেশের মধ্যে 12তম অবস্থানে রয়েছে যেখানে প্রতি 100,000 জন নিউ ইয়র্কবাসীর মধ্যে 186টিরও বেশি পরিচয় চুরির অভিযোগ পাওয়া যায়। এর অর্থ হলো শুধু 2019 সালেই আমাদের প্রতিবেশী বাসিন্দাদের মধ্যে 36,000 জনেরও বেশি তাদের পরিচয় চুরি হওয়ার ভুক্তভোগী হয়েছেন, যাদের মধ্যে অনেকেই হলেন প্রবীণ ব্যক্তি। আমার সিনেটের সহকর্মী, র্যাচেল মে এর সঙ্গে এই বিষয়টি নিয়ে কাজ করতে পেরে আমি গর্বিত এবং আমার এই প্রস্তাবটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)